



## বিএসএমআর মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১৯, ফ্যাক্স- +৮৮ ০২৫৮০৫১০১০

ই-মেইলঃ pro@bsmrmu.edu.bd, ওয়েবঃ www.bsmrmu.edu.bd

### বিশেষ বিজ্ঞপ্তি

১। অদ্য ১৩ জানুয়ারি ২০২৫, সোমবার সকাল ১০০০ ঘটিকায় বিএসএমআর মেরিটাইম ইউনিভার্সিটির শৃঙ্খলা বোর্ডের ১২তম সভা বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ও শৃঙ্খলা বোর্ডের সভাপতি রিয়ার এডমিরাল আশরাফুল হক চৌধুরী, এনবিপি, ওএসপি, বিসিজিএম, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি। সভায় শৃঙ্খলা বোর্ডের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সভায় বিএসএমআরএমইউ এর নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগের ৬ষ্ঠ ব্যাচের শিক্ষার্থী আশরাফুজ্জামান নূর (আইডি নং- ২৩৪১১০৩০) কর্তৃক লুকিয়ে নারী শিক্ষার্থীদের ওয়াশরুমে ভিডিও ধারণের অভিযোগের বিষয়ে আলোচনা হয়। সভায় বিষয়টিতে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত:** অপরাধের গুরুত্ব বিবেচনায় প্রক্টরিয়াল বিধিমালা, ২০২০ অনুযায়ী অভিযুক্ত শিক্ষার্থী আশরাফুজ্জামান নূর (আইডি নং-২৩৪১১০৩০) কে নিম্নলিখিত শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

- (ক) বিধি ১৭ (ঘ) অনুযায়ী অত্র বিশ্ববিদ্যালয় হতে আজীবন বহিষ্কারকরণ।
- (খ) আশরাফুজ্জামান নূর (আইডি নং-২৩৪১১০৩০) এর অত্র বিশ্ববিদ্যালয়ের যাবতীয় শিক্ষা কার্যক্রম স্থগিতকরণ।
- (গ) উপরোক্ত শাস্তি বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত হওয়া পর্যন্ত অন্তর্বর্তিকালীন সময়ে আশরাফুজ্জামান নূর (আইডি নং-২৩৪১১০৩০) কে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবাস্তিত ঘোষণাকরণ।
- (ঘ) বিধি ১৭ (ঙ) অনুযায়ী আশরাফুজ্জামান নূর (আইডি নং-২৩৪১১০৩০) এর বিরুদ্ধে আইনগত (ফৌজদারী) ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মাধ্যমে যথাযথ আইনশৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষকে পত্র প্রদান। এ প্রেক্ষিতে তদন্তের স্বার্থে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে।
- (ঙ) সকল শিক্ষার্থীদের এ বিষয়ে অবগতকরণ।

২। বিষয়টি সকলের অবগতির জন্য প্রচার করা হলো।

কর্তৃপক্ষ

বিএসএমআর মেরিটাইম ইউনিভার্সিটি